দৈনিক বাংলা

23

তারিখ 22 NOV 1987
পৃষ্ঠা ... ৭ কলাম ...৩...

# ২শ' মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণ নেই

(নিজস্ব সংবাদদাতা)

ময়মনসিংহ, ১৮ই নবেম্বর।— ময়মনসিংহ জেলায় মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে চরম সংকট বিরাজ করছে। প্রয়োজনীয় শিক্ষা উপকরণ, গৃহ, আসবাবপত্র ও শিক্ষকের অভাবে এ জেলায় দু'শ বিদ্যালয়ে শিক্ষা দান দারুণভাবে ব্যাহত হচ্ছে।

জানা গেছে জেলার ১১টি উপজেলায় প্রায় ৮২ হাজার ছাত্র ছাত্রী মাধ্যমিক পর্যায়ে শিক্ষা গ্রহণ করছে। এ জেলায় সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় আছে ৩শ ৬১টি। এ সকল বিদ্যালয়ের মধ্যে প্রায় ২শ বিদ্যালয়ে প্রয়োজনীয় উপকরণ নেই। এ বিদ্যালয়গুলোর মধ্যে প্রায় ১শ ৬২টি বিদ্যালয়ের গৃহ ও আসবাবপত্র সাম্প্রতিক বন্যা ও ঝড়ে ভেসে গেছে। ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোর গৃহ নির্মাণ ও আসবাবপত্র তৈরির কোন পদক্ষেপই আজ পর্যন্ত নেওয়া হয়নি। ফলে এসব বিধ্বস্ত স্কুল মেরামত ও সংস্কারের অভাবে জরাজীর্ণ দশায় দাঁড়িয়ে আছে। অধিকাংশ স্কুল গৃহেই ক্লাশ নেওয়া সম্ভব হচ্ছে না।

জানা গেছে এ জেলায় ৭টি সরকারী মাধ্যমিক বিদ্যালয় ও ১শ ৫৩টি বেসরকারী বিদ্যালয় আছে। এসব স্কুলে প্রয়োজনীয় যন্ত্রপাতি পুস্তক ও শিক্ষক নেই। বেসরকারী স্কুলগুলোতে বৈজ্ঞানিক যন্ত্রপাতি নেই, লাইব্রেরী ও খেলাধুলার সরঞ্জাম নেই।

সরকারী হিসাবে প্রতি ৪০ জন ছাত্রছাত্রীর জন্য ১ জন করে শিক্ষক প্রয়োজন হলেও এ জেলায় প্রতি ১শ ৫০ জনের জন্য ১ জন শিক্ষক রয়েছেন। এতে জেলার সর্বত্র চরম শিক্ষা সংকট বিরাজ করছে।

অপর দিকে সাম্প্রতিক বন্যায় এজেলার হালুয়াঘাটে ৮টি ফুলপুরে ৮টি, নান্দাইলে ৯টি ঈশ্বরগঞ্জে ৮টি গৌরীপুরে ১০টি, গফরগাঁয়ে ২৬টি, ভালুকায় ১১টি ত্রিশালে ১০টি, ফুলবাড়িয়ায় ১৪টি ও মুক্তাগাছায় ২টি বিদ্যালয় সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। কিন্তু এর পুনর্নির্মাণ কাজে কোন অর্থ বরাদ্দ করা হচ্ছে না।